নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ২০১৭

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর ধারা ৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**। — (১) এই প্রবিধানমালা নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**। — (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় —

(ক) ''আইন'' অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) ''কর্তৃপক্ষ'' অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ৩ এর উপধারা (১) বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। **সম্পদের মূল্যায়ন**। — তফসিল ১ অনুসারে FORM - VA মোতাবেক প্রত্যেক নন-লাইফ বীমাকারী সম্পদের মূল্যের একটি বিবরণী প্রস্তুত করিবেন।

৪। **দায়ের পরিমাণ নির্ধারণ**। — তফসিল ২ অনুসারে FORM - VL মোতাবেক প্রত্যেক নন-লাইফ বীমাকারী দায়ের পরিমাণের একটি বিবরণী প্রস্তুত করিবেন।

৫। **সলভেন্সি মার্জিন নির্ধারণ**। — তফসিল ৩ অনুসারে FORM - SM মোতাবেক প্রত্যেক নন-লাইফ বীমাকারী সলভেন্সি মার্জিনের একটি বিবরণী প্রস্তুত করিবেন।

তফসিল ১

সম্পদের মূল্যায়ন

(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

১। সম্পদের মূল্য — (১) নিম্নের সম্পদগুলো শূন্যমূল্য হিসাবে গণ্য হইবে :

(ক) বিবিধ ঋণ, যে পরিমাণ পর্যন্ত তাহা আদায়যোগ্য নহে;

(খ) অআদায়যোগ্য প্রকৃতির অগ্রিমসমূহ; appropriation

(গ) আসবাবপত্র, স্থাপিত জিনিসপত্র, ডেড-স্টক ও স্টেশনারী মালামাল;

(ঘ) বিলম্বিত ও পূর্বপরিশোধিত দায়সমূহ;

(ঙ) লাভ ও ক্ষতির হিসাব সমন্বয় (appropriation) স্থিতি;

(চ) পুনঃবীমাকারীর তিন মাস অধিককালের অনাদায়ী স্থিতি; ও

(ছ) কোম্পানি গঠনে প্রাথমিক ব্যয়সমূহ;

(জ) অনাদায়ী প্রিমিয়াম যাহা এক মাসের মধ্যে অথবা বীমা আইন, ২০১০ এর ধারা ৩২ মোতাবেক নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত, যেইটি পূর্বে ঘটে, সংগৃহীত হয় নাই;

(ঝ) এজেন্টের স্থিতি যাহা বীমা আইন, ২০১০ এর ধারা ৩২ মোতাবেক নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত সমন্বয় করা হয় নাই।

(২) নন-লাইফ বীমাকারীর অন্য সকল সম্পদ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমা কোম্পানির আর্থিক বিবরণ ও নিরীক্ষকের প্রতিবেদন প্রস্তুতকরণ) প্রবিধানমালা, ২০১১ অনুসারে মূল্যায়ন করিতে হইবে।

২। **সম্পদের বিবরণ** — প্রত্যেক নন-লাইফ বীমাকারী FORM - VA মোতাবেক সম্পদের একটি বিবরণ প্রস্তুত করিবেন।

FORM - VA

(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০১১

৩১ ডিসেম্বর, ... খ্রিস্টাব্দে সম্পদের বিবরণ।

নন-লাইফ বীমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

পরিমাণ সহস্র এককে

ক্রমিক নম্বর	সম্পদের শ্রেণী	পলিসিগ্রাহকদের তহবিল	শেয়ারহোল্ডারদের তহবিল	মোট
	(১)	(২)	(৩)	(৪) = (২) + (৩)
১	সঞ্চয়			
২	সরকারি সিকিউরিটি			
৩	ইকুইটি			
৪	মিউচুয়াল ফান্ড			
৫	ডিবেঞ্চার/বন্ড			
৬	অন্যান্য সিকিউরিটি (সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে)			
৭	সম্পত্তিতে বিনিয়োগ - স্থাবর সম্পত্তি			
৮	অন্যান্য সম্পদ (সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে)			

সিডিউল ২

(প্রবিধান ৪ দ্রষ্টব্য)

দায়ের মূল্যায়ন (নন-লাইফ বীমা)

৩। দায় নির্ধারণ — নিম্নবর্ণিতগুলি একজন নন-লাইফ বীমাকারীর দায়রূপে গণ্য হইবে, যথা;

(ক) অনাদায়ী দাবির বিপরীতে নিম্ন উপায়ে সংরক্ষন (reserve) নির্ধারণ করিতে হইবে ঃ

(i) যেইক্ষেত্রে বীমাকারীর অনাদায়ী দাবির পরিমাণ জ্ঞাত সেইক্ষেত্রে উক্ত পরিমাণের সমুদয় সংরক্ষন করিতে হইবে;

(ii) যেইক্ষেত্রে অনাদায়ী দাবির পরিমাণ বীমাকারী কর্তৃক যুক্তিসঙ্গতভাবে হিসাব করা যায় সেইক্ষেত্রে বীমাকারী প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া 'কেস্ বাই কেস্' পদ্ধতি অনুসরণ করিতে পারিবেন।

(খ) যেই ক্ষেত্রে দাবি সমূহ গৃহীত হইয়াছে কিন্তু তাহার প্রতিবেদন প্রদত্ত হয় নাই (আই.বি.এন.আর) সেই ক্ষেত্রে তাহা একচ্যুয়ারিয়াল নীতিমালা অথবা যথার্থ পরিসংখ্যানগত কৌশল অনুসরণ করিয়া নির্ধারণ করিতে হইবে।

(গ) মেয়াদ উত্তীর্ন না-হওয়া ঝুঁকির বিপরীতে নিম্নউপায়ে সংরক্ষন (reserve) নির্ধারণ করিতে হইবে:

(i) অগ্নি বীমা ব্যবসায়, ৫০%

(ii) বিবিধ বীমা ব্যবসায়, ৫০%

(iii) নৌ জাহাজের কাঠাম (Hull) ব্যবসায় ব্যতিত নৌ বীমা ব্যবসায় ৫০% এবং

(iv) নৌ জাহাজের কাঠাম (Hull) ব্যবসায়, পূর্ববর্তী ১২ মাসে গৃহীত বা গৃহীতব্য নেট প্রিমিয়ামের ১০০%

(ঘ) স্বাস্থ্য বীমা ব্যবসায়ের বিপরীতে সংরক্ষন

(ঙ) অন্যান্য দায়

(i) মন্দ ও সন্দেহযুক্ত ঋণের বিপরীতে সঞ্চিতি (provision);

(ii) ঘোষিত বা সুপারিশকৃত ডিভিডেন্ডের এবং পূর্ণ অনাদায়ী ডিভিডেন্ড এর বিপরীতে সংরক্ষন;

(iii) করের বিপরীতে সঞ্চিতি;

(iv) বিবিধ পাওনাদারের নিকট বকেয়ার পরিমাণ;

(v) অন্যান্যদের নিকট বকেয়ার পরিমাণ;

(vi) সঞ্চিত প্রিমিয়াম;

(vii) ব্যতিক্রমী ক্ষতির জন্য সংরক্ষন;

(viii) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হইতে ঋণ;

(ix) বীমা ব্যবসায়রত বীমা কোম্পানির নিকট বকেয়ার পরিমাণ;

(x) বকেয়া নেট দাবিসমূহ;

(xi) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যে কোন দায়।

তফসিল ৩

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন নির্ধারণ

১। ব্যাখ্যা। এই তফসিলে —

(ক) 'প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন' অর্থ জীবন বীমা দায়ের মূল্য (FORM - VL এ যুক্ত) এবং পলিসিগ্রাহকদের অন্যান্য দায় ও শেয়ারহোল্ডারদের তহবিলের অতিরিক্ত সম্পদের মূল্যের (FORM - VA এ যুক্ত) অতিরিক্ত।

(খ) 'প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন' অর্থ FORM - RSM মোতাবেক প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন।

(গ) 'সলভেন্সি অনুপাত' অর্থ প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিনের পরিমাণ ও প্রয়োজনীয় সলভেন্সি মার্জিনের পরিমাণের অনুপাত।

২। সলভেন্সি মার্জিন নির্ধারণ। — প্রত্যেক বীমাকারী FORM - SM মোতাবেক প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন, প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন ও সলভেন্সি অনুপাত নির্ধারণ করিবেন।

(৭)

FORM - VL

(প্রবিধান ৪ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০১১

৩১ ডিসেম্বর, ... খ্রিস্টাব্দে দায়মূল্যায়নের বিবরণ।

নন-লাইফ বীমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

ক্রমিক নম্বর	বর্ণনা	মেয়াদ উত্তীন না-হওয়া ঝুঁকির বিপরীতে সংরক্ষন	অনাদায়ী দাবির বিপরীতে সংরক্ষন	আই.বি.এন.আর. সংরক্ষন	মোট সংরক্ষন
	(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)
১	অগ্নি				
২	নৌ কার্গো				
৩	নৌ (জাহাজের কাঠাম)				
৪	মোটর				
৫	বিবিধ				
৬	স্বাস্থ্য বীমা				
৭	মোট দায়				

FORM - RSM

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০১১

নন-লাইফ বীমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

টেবিল ১ - প্রিমিয়ামের উপর ভিত্তি করে সলভেন্সি মার্জিনের বিবরণ

পরিমাণ সহস্র এককে

ক্রমিক নম্বর	ব্যবসায়ের শ্রেণী	গ্রস প্রিমিয়াম (জি.পি.)	নেট প্রিমিয়াম (এন.পি.)	উৎপাদক (Factor)	উৎপাদক প্রয়োগের পর জি.পি. (জি.পি.এফ.)	এন.পি. এর ৪০%	জি.পি.এফ. এর ২৫%	প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন-১ (আরএসএম-১); সম্ভম্ভ (৭) ও সম্ভম্ভ (৮) এর সংখ্যার মধ্যে যেটি অধিক
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬) সম্ভম্ভ (৩) X সম্ভম্ভ (৫)	(০৭)	(০৮)	(০৯)
১	অগ্নি			০.৭০				
২	নৌ কার্গো			০.৬০				
৩	নৌ (জাহাজ কাঠাম)			০.৬০				
৪	মোটর			০.৭৫				
৫	বিবিধ			০.৭০				
	মোট							

(৭)

টেবিল ২ - গৃহীত দাবির উপর ভিত্তি করে সলভেন্সি মার্জিনের বিবরণ

পরিমাণ সহস্র এককে

ক্রমিক নম্বর	ব্যবসায়ের শ্রেণী	গ্রস গৃহীত দাবি (জি.সি.)	নেট গৃহীত দাবি (এন.সি.)	উৎপাদক	উৎপাদক প্রয়োগের পর জি.সি. (জি.সি.এফ.)	এন.সি. এর ৫০%	জি.সি.এফ. এর ৩৫%	প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন-২ (আরএসএম-২); সম্বম্ভ (৭) ও সম্বম্ভ (৮) এর সংখ্যার মধ্যে যেটি অধিক
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬) সম্বম্ভ (৩) X সম্বম্ভ (৫)	(০৭)	(০৮)	(০৯)
১	অগ্নি			০.৮০				
২	নৌ কার্গো			০.৭০				
৩	নৌ (জাহাজ কাঠাম)			০.৭০				
৪	মোটর			০.৮৫				
৫	বিবিধ			০.৮০				
	মোট							

প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন = আর.এস.এম. ১ ও আর.এস.এম. ২ এর মধ্যে যেটি বৃহত্তর

FORM - SM

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০১৭

প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন, প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন ও সলভেন্সি অনুপাতের বিবরণ

নন-লাইফ বীমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

পরিমাণ সহস্র এককে

ক্রমিক নম্বর	বর্ণনা	মন্তব্য	পরিমাণ
(০১)	(০২)	(০৩)	(০৪)
১	পলিসিগ্রাহদের তহবিলে সমন্বয়কৃত সম্পদ	১	
২	মোট দায়	২	
৩	পলিসিগ্রাহকদের তহবিলের অন্যান্য দায়	৩	
৪	পলিসিগ্রাহকদের তহবিলে অতিরিক্ত (১-২-৩)		
৫	শেয়ারহোল্ডারদের তহবিলে সমন্বয়কৃত সম্পদ	৪	
৬	শেয়ারহোল্ডারদের তহবিলের অন্যান্য দায়	৫	
৭	শেয়ারহোল্ডারদের তহবিলে অতিরিক্ত (৫-৬)		
৮	প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন (এ.এস.এম.) = (৪+৭)		
৯	প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (আর.এস.এম.)		
১০	সলভেন্সি অনুপাত (এ.এস.এম.)/ (আর.এস.এম.)		

টীকা ঃ

১) সমন্বয়কৃত সম্পদ FORM-VA এ উল্লেখিত পলিসিগ্রাহকদের তহবিলের নিরিখে সম্পদের মূল্য হইবে;

২) মোট দায় FORM-VL এ প্রদর্শিত মোট দায়ের পরিমাণ হইবে;

৩) পলিসিগ্রহকদের তহবিলের অন্যান্য দায় স্থিতিপত্রে উল্লেখিত পলিসিগ্রাহকদের তহবিল হইতে উদ্ভুত অন্যান্য দায়ের পরিমাণ হইবে;

৪) সমন্বয়কৃত সম্পদ FORM-VA এ প্রদর্শিত শেয়ারহোল্ডারদের তহবিলের নিরিখে সম্পদের মূল্য হইবে;

৫) শেয়ারহোল্ডারদের তহবিলের অন্যান্য দায় স্থিতিপত্রে উল্লেখিত শেয়ারহোল্ডারদের তহবিল হইতে উদ্ভূত অন্যান্য দায়ের পরিমাণ হইবে;

....

নিরীক্ষকের স্বাক্ষর | ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর